

অলি বিশ্বাস



বিষয় : বাংলা ১ম পত্র

শ্রেণি : ৮ম

নিচের প্রশ্নগুলোর উত্তর দাওঃ

- ১। 'অতিথির স্মৃতি' গল্পটি কোন গল্পের পরিমার্জিত রূপ ?
- ২। রাত্রি তিনটের সময় কি শুনে লেখকের ঘুম ভেঙে যায় ?
- ৩। পাখিটির মধ্যে সবচেয়ে ভোরে ওঠে কে ?
- ৪। লেখক বায়ু পরিবর্তনের জন্য কোথায় গিয়েছিলেন ?
- ৫। 'ভাব ও কাজ' লেখাটি কোন ধরনের সাহিত্য ?
- ৬। নজরুল 'ভাব' কে কীসের সাথে তুলনা করেছেন ?
- ৭। মানুষকে দিয়ে কাজ করানোর জন্য কোনটি প্রয়োজন ?
- ৮। 'পড়ে পাওয়া' গল্পটির লেখক কে ?
- ৯। কার হাতের লেখা ভালো ?
- ১০। ভাঙা নাট্যমন্দিরটি কাদের ?
- ১১। 'দুই বিঘা জমি' কোন ধরনের রচনা ?
- ১২। সন্নাসী বেশে দেশে দেশে ঘুরে কে ?
- ১৩। বাংলা ভাষায় প্রথম সনেট লেখেন কোন কবি ?
- ১৪। 'মানস' শব্দের অর্থ কী ?
- ১৫। শেখ মুজিবুর রহমান কত খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন ?
- ১৬। শেখ মুজিবুর রহমান বাংলাদেশের কী ?
- ১৭। 'ছয় দফা' ঘোষণা করা হয় কত সালে ?
- ১৮। আমাদের লোকশিল্প দেশে দেশে কীসের সম্পর্ক গড়ে তুলবে ?
- ১৯। প্রতীকধর্মী টেপা পুতুলগুলো কীসের তৈরি ?
- ২০। 'সুখী মানুষ' নাটিকার দৃশ সংখ্যা কত ?

- ২১। 'সুখী মানুষ' নাটিকায় রহমতের বয়স কত ?
- ২২। আলাওল কোন শতকের কবি ?
- ২৩ কত সালে পর্তুগিজরা চট্টগ্রামে বসতি স্থাপন করে ?
- ২৪। পর্তুগিজরা চট্টগ্রামে নিজেদের বসতির জায়গাকে কী বলত ?
- ২৫। কোন গাছে সোনারও ফুল ফোটে ?

সৃজনশীল প্রশ্নঃ

১। জয়া খুব রুচিশীল ও শৌখিন । সে দেশের শিল্প সংস্কৃতি ও ঐতিহ্যের প্রতি অত্যন্ত শ্রদ্ধাশীল । সে মনে করে দেশের শিল্প, সংস্কৃতি ও ঐতিহ্য ছাড়া মানুষ টিকে থাকতে পারে না । তাই এ দেশের শিল্প ঐতিহ্যকে টিকিয়ে রাখা প্রত্যেকের দায়িত্ব ।

ক) 'লুপ্তপ্রায়' শব্দটির অর্থ কী ?

খ) লোকশিল্প প্রয়োজনের চেয়েও সৌন্দর্যপ্রিয়তা পায় কেন ?

গ) উদ্দীপকে ' আমাদের লোকশিল্প' প্রবন্ধের কোন দিকটি প্রতিফলিত হয়েছে ? ব্যাখ্যা কর ।

ঘ) উদ্দীপক ও পঠিত প্রবন্ধের আলোকে লোকশিল্প সংরক্ষণে করণীয় সম্পর্কে সুচিন্তিত মতামত উপস্থাপন কর ?

২। দবির মিয়া সাধারণ মানুষ । তেমন সহায়-সম্পত্তি নেই । কাজ করে খায় । এতে সে তুষ্ট । অপরদিকে, জলিল মিয়া অনেক সম্পদের মালিক হওয়া সত্ত্বেও অরো অধিক সম্পদ আহরণের চেষ্টায় মত্ত । মানুষের সাথে খারাপ ব্যবহার ও জোর-জুলুম করে সে সম্পদের পাহাড় গড়ে তুলেছে ।

ক) হাসু মিয়া ও রহমত কোথায় বসে ভাবছে ?

খ) 'মানুষ ও প্রাণী অমর নয়'-কবিরাজ একথাটি কেন বলেছেন ?

গ) উদ্দীপকের দবির মিয়ার সাথে 'সুখী মানুষ' নাটিকার যে দিকটির সাদৃশ্য রয়েছে , তা ব্যাখ্যা কর ।

ঘ) "উদ্দীপকের জলিল মিয়া 'সুখী মানুষ' নাটিকার মোড়লেরই প্রতিচ্ছবি"-বিশ্লেষণ কর ?

৩। মণিপুরিরা নিজেদের তৈরি অতি সাধারণ পোশাক পরে । পুরুষেরা ধুতি, পাঞ্জাবি এবং নারীরা কোমরে পেঁচিয়ে পরার মতো এক বিশেষ ধরনের পোশাক পরে । এছাড়া ওরা ওড়না জাতীও 'ইন্নাফি' নামক পোশাক ও ব্লাউজ পরে ।

ক) কোন হোটলে লেখকের জায়গা হলো না ?

খ) চায়ের দোকানের লোকজন লেখকদের দিকে তাকিয়ে ছিল কেন ?

গ) মণিপুরি উপজাতির পোশাক এবং মিয়ানমারের অধিবাসীদের পোশাকের মধ্যে সাদৃশ্য বর্ণনা কর ।

ঘ) 'পরনের পোশাক দেখেই মণিপুরি ও মংডুর অধিবাসীদের সহজে চেনা যায়'। -উক্তিটির তাৎপর্য তুলে ধর ।

Ollybissas@yahoo.com